



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ১৪৩.১৩.১৩৬

তারিখঃ ১৮/০২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্রঃ বোরহানউদ্দীন, ভোলা স্মারক নং ৪১৯ তারিখ : ১৫/০১/১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বিগত ১৯/০৭/১৭খ্রিঃ হতে ১৪/০১/১৮খ্রিঃ পর্যন্ত মাতৃত্বকালীন ছুটি ভোগ শেষে বিগত ১৫/০১/১৮খ্রিঃ তারিখে কর্মস্থলে যোগদান না করে অসুস্থতাজনিত কারণে ০২(দুই) মাস ছুটির জন্য আবেদন করেছেন। ছুটির স্বপক্ষে আপনি প্রমাণক হিসেবে যে ব্যবস্থাপত্র দিয়েছেন উক্ত ব্যবস্থাপত্রে উল্লেখিত ঠিকানায় সৈয়দ মোঃ নেছার আলী নামে কোন চিকিৎসক বর্তমানে নেই। এতে স্পষ্টভাবে প্রমাণিত হয় আপনি মাতৃত্বকালীন ছুটি ভোগ শেষে আরও ছুটি ভোগ করার জন্য এ ধরনের মেডিক্যাল সনদ দাখিল করেছেন। তাই এ ধরনের মেডিক্যাল সনদের উপর ভিত্তি করে আপনার ছুটি মঞ্জুর করার কোন সুযোগ নেই। উন্নয়ন প্রকল্পে নির্দিষ্ট সময়ে নির্ধারিত কাজ করার বাধ্যবাধকতা রয়েছে তাই উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে বারংবার ছুটি প্রদানের সুযোগ থাকে না। এমতাবস্থায়, এ ধরনের মেডিক্যাল সনদের উপর ভিত্তি করে কেন আপনার ছুটি মঞ্জুর করা হবে তার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো অন্যথায় আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোহাম্মদ আতিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন- ৮১৮০১৪৩

জনাব ফারহানা আক্তার
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বিআরডিবি
বোরহানউদ্দীন, ভোলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দীন জেলা : ভোলা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। (পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির জন্য)